প্রথম আলো

23 AUG 2016
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৪৫ আসন বাড়ছে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে, প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে চলতি শিক্ষাবর্ষে ১৪৫টি আসন বাড়ানো হবে বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক। গতকাল সোমবার ২০১৬-১৭ শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তির আবেদন, কার্যক্রম উদ্বোধনের সময় তিনি এ কথা জানান।

এ সময় জানানো হয়, গত বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসন ছিল ৬ হাজার ৬৫৫। এ বছর মোট আসন ধরা হয়েছে ৬ হাজার ৮০০। এর মধ্যে ক-ইউনিটে ১ হাজার ৬৮০, খ-ইউনিটে ২ হাজার ২৪১, গ-ইউনিটে ১ হাজার ১৭০, ঘ-ইউনিটে ১ হাজার ৪৪০ ও চ-ইউনিটে ১৩৫টি আসন ধরা হয়েছে।

ভর্তি কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে জানানো হয়, ব্যাংক সার্ভিস চার্জ, অনলাইন সার্ভিস ফিসহ ভর্তি পরীক্ষার ফি ৩৫০ টাকা। আগামী ৭ সেপ্টেম্বর রাত ১২টা পর্যন্ত আবেদন করা যাবে।